**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 13-06-2025** **Desk in Charge: SDG**
**Time : 7.50 PM** **Compiling : DSS**
**DEO : KB** **NR : DSS**

Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ -

বিশেষ বিশেষ খবরঃ-

১/ আমেদাবাদের এয়ার ইন্ডিয়ার দুর্ঘটনাগ্রস্ত বিমানের 'ব্ল্যাক বক্স' ও 'ডিজিট্যাল ফ্লাইট ডাটা রেকর্ডার' উদ্ধার করা গেছে। # প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আমেদাবাদ সিভিল হাসপাতাল গিয়ে বিমান দুর্ঘটনায় আহতদের সঙ্গে দেখা করেন।

২/ কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় রাজ্য সংখ্যালঘু কমিশনে আরো একটি ভাইস চেয়ারম্যান পদ সৃষ্টি করা হয়েছে।

# এদিকে, হজ ইন্সপেক্টর নিয়োগের ক্ষেত্রে রাজ্য সরকার ব্যাপক দুর্নীতি করেছে বলে ISF বিধায়ক নৌশাদ সিদ্দিকি অভিযোগ করেছেন।

৩/ মহেশতলা যেতে চেয়ে হাইকোর্টের দ্বারস্থ শুভেন্দু অধিকারী। # এদিকে, পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিমের অভিযোগ, মহেশতলার হিংসাত্মক ঘটনায় উস্কানি ও ষড়যন্ত্র রয়েছে।

৪/ কলেজে স্নাতক স্তরে ভর্তির জন্য অভিন্ন পোর্টাল আগামী মঙ্গলবার, ১৭'ই জুন খুলছে।

৫/ অনুকূল পরিবেশ তৈরী হওয়ায় আগামী তিনদিনের মধ্যে রাজ্যের বেশ কিছু অংশে দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু প্রবেশ করবে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

****************************************************************

আমেদাবাদে এয়ার ইন্ডিয়ার বিমান দুর্ঘটনা নিয়ে তদন্তের কাজ জোর কদমে চলেছে। ফরেন্সিক বিশেষজ্ঞরা আজ দুর্ঘটনাস্থল পরিদর্শন করে বিস্তারিত পরীক্ষা নিরীক্ষা চালান। সেখান থেকে বিমানটির 'ব্ল্যাক বক্স' পাওয়া গেছে বলে পুলিশ জানিয়েছে। এছাড়াও তদন্তকারীরা ধ্বংসস্তূপ থেকে ডিজিট্যাল ফ্লাইট ডাটা রেকর্ডার উদ্ধার করেছে। এর আগে গুজরাটের সন্ত্রাস দমন শাখা- ATS, দুর্ঘটনাস্থল থেকে একটি ডিজিট্যাল ভয়েস রেকর্ডার'ও উদ্ধার করে। বিমান দুর্ঘটনার সঠিক কারণ এখন'ও অজানা। ফরেন্সিক পরীক্ষা এবং বিভিন্ন প্রযুক্তিগত পরীক্ষা নিরীক্ষার পরেই তা' জানা যাবে বলে আশা করা হচ্ছে।

এদিকে, গতকালের দুর্ঘটনার পর ওই এলাকার বেশ কিছু বাসিন্দা নিখোঁজ বলে জানা যাচ্ছে। তাঁদের সন্ধানে তল্লাশি চলেছে।

আকাশবাণীর সংবাদদাতা জানাচ্ছেন, সাতটি মৃতদেহ পরিবারের হাতে তুলে দেওয়া হয়েছে। এছাড়া, DNA পরীক্ষার জন্য আরো ২০০টি নমুনা সংগ্রহ করা হয়েছে।

অসামরিক উড়ান চলাচল মহা নির্দেশালয়-DGCA, বোয়িং ৭৮৭, ৮৮ ও ৮৯ যে বিমানপগুলিতে জেন-এক্স ইঞ্জিন রয়েছে, সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে সেগুলিতে নিরাপত্তা সংক্রান্ত আরো পরীক্ষা নিরীক্ষা চালানোর নির্দেশ দিয়েছে এয়ার ইন্ডিয়াকে।

******************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সকালে আমেদাবাদ সিভিল হাসপাতাল গিয়ে এয়ার ইন্ডিয়ার বিমান দুর্ঘটনায় আহতদের সঙ্গে দেখা করেন। দুর্ঘটনাস্থল পরিদর্শনের পাশাপাশি আমেদাবাদ বিমানবন্দরে এক উচ্চ পর্যায়ের বৈঠক'ও করেন তিনি। আকস্মিক এই দুর্ঘটনায় তিনি স্তম্ভিত বলে শ্রী মোদী জানিয়েছেন।
পরে প্রধানমন্ত্রী দুর্ঘটনায় অল্পের জন্য রেহাই পাওয়া ভারতীয় বংশোদ্ভূত ব্রিটিশ নাগরিক বিশ্বাস কুমার রমেশের সঙ্গেও দেখা করেন। দুর্ঘটনায় নিহত গুজরাটের প্রাক্তন মুখ্যমন্ত্রী বিজয় রূপাণীর পরিবারের সদস্যদের সঙ্গেও দেখা করেন তিনি।

পশ্চিমবঙ্গ থেকেও রুপাণি পরিবারের কয়েকজন সদস্য দুর্ঘটনার খবর পেয়ে আমেদাবাদে যাচ্ছেন।

এদিকে, তৃণমূল কংগ্রেস, এই দুর্ঘটনার তদন্ত ও মৃতের সঠিক সংখ্যা প্রকাশের দাবী জানিয়েছে।

*****************

হজ যাত্রীদের সুবিধায় হজ ইন্সপেক্টর নিয়োগের ক্ষেত্রে রাজ্য সরকার ব্যাপক দুর্নীতি করেছে বলে ইন্ডিয়ান সেকুলার ফ্রন্ট-এর বিধায়ক নওশাদ সিদ্দিকী অভিযোগ করেছেন। আজ বিধানসভায় রাজ্য সংখ্যালঘু কমিশন সংশোধনী বিলের উপরে আলোচনার শুরুতে তিনি বলেন, ইন্সপেক্টর হিসাবে নিয়োগের জন্য নির্দিষ্ট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে প্রশিক্ষণ নেওয়ার পরে ৩৩ জন র‍্যাংক করলেও তাদের মধ্যে অনেককে বাদ দিয়ে প্রশিক্ষণ ও পরীক্ষা ছাড়াই বেশ কিছু লোককে ইন্সপেক্টর হিসাবে নিযুক্ত করা হয়েছে। এই ক্ষেত্রে কমিশনের কোন ভূমিকা দেখা যায়নি বলে তাঁর অভিযোগ। পরবর্তী সময়ে এই নিয়ে আদালতে মামলা হয়েছে বলেও বিধায়ক জানিয়েছেন।

*****************

কাজের পরিধি বৃদ্ধি হওয়ায় কমিশনের কাজকে সুষ্ঠ ভাবে এগিয়ে নিয়ে যেতে রাজ্য সরকার রাজ্য সংখ্যালঘু কমিশনে একটি সদস্য পদ বৃদ্ধি করেছে। বিধানসভায় আজ এই সংক্রান্ত 'দি ওয়েস্ট বেঙ্গল মাইনরিটিজ কমিশন' সংশোধনী বিলের উপরে জবাবী ভাষনে অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বলেন বর্তমানে কমিটিতে চেয়ারপার্সন আহমেদ হাসান এর নেতৃত্বে একজন ভাইস চেয়ারপার্সন সহ মোট বারো জন সদস্য রয়েছেন। কিন্তু কমিশনের কাজ বৃদ্ধি পাওয়ায় আরও একটি ভাইস চেয়ারপার্সন পদ তৈরি করা হল। ফলে কমিটির সদস্য সংখ্যা বেড়ে হল ১৩।

*****************

লাগাতার প্রচারের ফলে রাজ্যের ক্রেতাদের মধ্যে নিজেদের অধিকার সম্পর্কে সচেতনতা বেড়েছে। বিধানসভায় ক্রেতা সুরক্ষা সংক্রান্ত বিভিন্ন প্রশ্নের উত্তরে বিভাগীয় মন্ত্রী বিপ্লব মিত্র জানান, ২০২২-২৩ অর্থবর্ষে ক্রেতা সুরক্ষা সংক্রান্ত মামলায় মোট ২ কোটি ১৩ লক্ষ টাকার বেশি জরিমানা আদায় হয়েছে। তিনি বলেন, এরপরের অর্থবর্ষে দায়ের হওয়া ১০ হাজার ৬৯০-টি মামলার মধ্যে ৪,৮১৫-টি মামলা নিষ্পত্তি হয়েছে।

******************

৬০ বছর হয়ে যাওয়ায় বর্তমানে লক্ষ্মীর ভান্ডারের ৬ লক্ষ ৮২ হাজারের বেশি সুবিধাভোগী বার্ধক্য ভাতা পাচ্ছেন বলে রাজ্য সরকার জানিয়েছে। আজ বিধানসভায় এক প্রশ্নের জবাবে নারী ও শিশু বিকাশ মন্ত্রী শশী পাঁজা বলেন বর্তমানে রাজ্যে ছয় 'লক্ষ ৮২ হাজার ৮৯৫ জন এই বার্ধক্য ভাতা পাচ্ছেন। সরকারি নিয়ম মেনে কোন আবেদন ছাড়াই তাদের নাম বার্ধক্য ভাতার তালিকায় যুক্ত হয়েছে বলে তিনি জানিয়েছেন।

******************

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আগামী ১২ জুলাই উত্তরবঙ্গের বহু প্রতীক্ষিত কলকাতা হাইকোর্টের জলপাইগুড়ি সার্কিট বেঞ্চের উদ্বোধন করতে পারেন। আইনমন্ত্রী মলয় ঘটক আজ বিধানসভায় প্রশ্নোত্তর পর্বে একথা জানিয়েছেন। আলিপুরদুয়ারের বিধায়ক সুমন কাঞ্জিলালের এক প্রশ্নের উত্তরে তিনি বলেন, ওই দিন কলকাতা হাইকোর্টের জলপাইগুড়ি সার্কিট বেঞ্চের আনুষ্ঠানিক উদ্বোধন করার পরিকল্পনা রয়েছে। তবে আলিপুরদুয়ারে নতুন আদালত কবে চালু হবে সেটা সম্পূর্ণভাবে হাইকোর্টের উপরে নির্ভর করছে ।

******************

রাজ্য সরকার, ‘বাংলার বাড়ি’ প্রকল্পে যারা দ্বিতীয় কিস্তির টাকা হাতে পেয়েছেন, আগষ্ট মাসের মধ্যে তাদের বাড়ি তৈরির কাজ শেষ করার জন্যে ব্যবস্থা নিতে জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছে।

মুখ্যসচিব মনোজ পন্থ আজ বিভিন্ন জেলাশাসকের সঙ্গে ভার্চুয়াল বৈঠকে এই মর্মে নির্দেশ দেন। প্রয়োজনে প্রতিটি ব্লকে ছোট ছোট দল তৈরি করে বাড়ি বাড়ি গিয়ে কাজের পর্যালোচনা করার নির্দেশ দেন তিনি।

*****************

বেহাল রাস্তা নিয়ে অভিযোগ জমা পড়ার ৪৮ ঘন্টার মধ্যে প্রয়োজনীয় মেরামতি করে দেওয়া হবে বলে রাজ্যের পূর্তমন্ত্রী পুলক রায় জানিয়েছেন। বিধানসভায় গতকাল পূর্ত দপ্তরের স্থায়ী কমিটির রিপোর্ট নিয়ে আলোচনার শেষে জবাবী ভাষণে তিনি এ কথা জানান। **৯০৮৮-৮২২১-১১** হোয়াটসঅ্যাপ নম্বরে পূর্ত দপ্তরের আওতায় থাকা বেহাল রাস্তার ছবি সহ অভিযোগ জানালে ৪৮ ঘণ্টার মধ্যে সেই রাস্তার খানাখন্দ সারিয়ে ফেলা হবে বলে মন্ত্রী আশ্বাস দিয়েছেন ।

*****************

দক্ষিণ ২৪ পরগণার মহেশতলা যেতে চেয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন শুভেন্দু অধিকারী। জরুরি মামলার অনুমতি দিয়েছেন বিচারপতি সৌগত ভট্টাচার্য। সোমবার এই আবেদনের শুনানি হবে। বিরোধী দলনেতা, একজন বিধায়ককে নিয়ে মহেশতলা, রবীন্দ্রনগর থানা এলাকার আক্রান্তদের সঙ্গে দেখা করতে চান । পুলিশ সুপারের কাছে আবেদন করেছিলেন আগেই।কিন্তু বৃহস্পতিবার সন্ধেতে শুভেন্দু অধিকারীর আবেদন নাকচ করেন এসপি।তারপরই হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন বিরোধী দলনেতা।

*****************

মহেশতলায় সাম্প্রতিক হিংসাত্মক ঘটনায় উস্কানি ও ষড়যন্ত্র রয়েছে বলে রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম দাবী করেছেন। তিনি আজ সাংবাদিকদের বলেন, মুর্শিদাবাদেও এই ধরণের ষড়যন্ত্র করা হয়েছিল।

( বাইট- ফিরহাদ )

মহেশতলায় পুলিশ গন্ডোগোল নিয়ন্ত্রণে ব্যর্থ বলে বিরোধীদের অভিযোগ খারিজ করে দেন ফিরহাদ। তিনি বলেন, ঘটনার খবর পেয়েই সঙ্গে সঙ্গে বহু পুলিশ কর্মী সেখানে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। আইন যে নিজের হাতে তুলে নিতে চাইবে, তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলেও ফিরহাদ সতর্ক করে দেন।

এদিকে, মহেশতলায় যাওয়ার পথে প্রদেশ কংগ্রেসের এক প্রতিনিধি দলকে পুলিশ আজ আটকে দেয়। রবীন্দ্র নগর থানা থেকে প্রায় এক কিলোমিটার আগে ব্যারিকেড দিয়ে তাঁদের আটকানো হয়। এই নিয়ে তাঁরা পুলিশের সঙ্গে বাগবিতন্ডায় জড়িয়ে পড়েন। দীর্ঘক্ষণ আটকে থাকার পর ফিরে যেতে হয় দলটিকে।

******************

আসন্ন বিধানসভা নির্বাচনের আগে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, সনাতনীদের সক্রিয় হওয়ার আহ্বান জানিয়েছেন। আজ নদীয়ায় শ্রী অধিকারী বলেন, রাজ্যে পাঁচ শতাংশ সনাতনীরা বেশী ভোট দিলেই, হরিয়ানা, দিল্লি ও মহারাষ্ট্রের মতো এখানেও পরিবর্তন হবে। ( বাইট- শুভেন্দু )

******************

কলেজে স্নাতক স্তরে ভর্তির জন্য অভিন্ন পোর্টাল খুলবে, আগামী মঙ্গলবার, ১৭'ই জুন। ওইদিন বিকেল ৪'টে থেকে পড়ুয়ারা পোর্টাল মারফত কলেজে ভর্তির আবেদনপত্র জমা দিতে পারবেন বলে, উচ্চ শিক্ষা দফতরের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। OBC সংরক্ষণ সংক্রান্ত মামলার কারণে ভর্তি প্রক্রিয়া শুরু করা যাচ্ছিল না বলে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানান।

******************

জাতীয় মুক্ত বিদ্যালয় NIOS থেকে ডি. এল. এড ডিগ্রী প্রাপ্তদের ২০২২ সালের প্রাথমিক শিক্ষক নিয়োগের নথি যাচাই-এর প্রক্রিয়ায় অংশগ্রহণের সুযোগ দিতে হবে বলে কলকাতা হাইকোর্ট নির্দেশ দিয়েছে। বিচারপতি সৌগত ভট্টাচার্য জানিয়েছেন,

১৮’ জুন পর্যন্ত যোগ্য প্রার্থীদের যে নথি যাচাই-এর প্রক্রিয়া চলছে, তাতে সব মামলাকারীদের সুযোগ দিতে হবে। এর আগে সুপ্রিম কোর্ট এই প্রক্রিয়ায় NIOS থেকে ডিগ্রী পাওয়া সবাই-কে যুক্ত করার নির্দেশ দিয়েছিল। কিন্তু প্রাথমিক শিক্ষা পর্ষদ শুধুমাত্র শীর্ষ আদালতে মামলাকারীদের-ই তালিকাভুক্ত করে। আজকের নির্দেশের পর কয়েকশো প্রার্থীর নথি যাচাই করতে হবে প্রাথমিক শিক্ষা পর্ষদকে।

*****************

চাকরিতে পুনর্বহালের দাবিতে যোগ্য চাকরিহারা শিক্ষকদের একাংশ গতকাল বিধানসভায় গিয়ে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় এর সঙ্গে দেখা করেন। পাঁচ জনের ওই প্রতিনিধি দল অধ্যক্ষের কাছে স্মারকলিপি দেন।

*****************

অনুকূল পরিবেশ তৈরি হওয়ায় আগামী তিন দিনের মধ্যে পশ্চিমবঙ্গের বেশ কিছু অংশে দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু প্রবেশ করবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

এদিকে, বঙ্গোপসাগর থেকে জলীয়বাষ্প প্রবেশ করায় রাজ্যের বেশ কিছু জেলায় আগামী দু’তিনদিন বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। উত্তরবঙ্গের দার্জিলিং, কালিম্প্‌ং, জলপাইগুড়ি, কোচবিহার, আলিপুরদুয়ার এবং উত্তর দিনাজপুর জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টি হতে পারে। আগামীকালের জন্য এই জেলাগুলিতে ‘কমলা সতর্কতা’ জারি করা হয়েছে।

*****************************************************************************